গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের কার্যালয়
ক্যান্টনমেন্ট বোর্ড, রংপুর সেনানিবাস।
www.rcb.gov.bd

বিষয় ঃ **স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ ইসরাত সাদিয়া সুমী
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
রংপুর সেনানিবাস।

তারিখ ও সময় ঃ ২৭/০৭/২০২৩ খ্রি. সকাল-১০.০০ ঘটিকা।

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ১৫ই আগস্ট সকল শহিদদের স্মৃতির প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন ও তাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আগামী ১৫ই আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার স্বাধীনতার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে উক্ত দিবসের তাৎপর্য তুলে ধরা হয়। ১৫ই আগস্ট ২০২৩ জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস কর্তৃক গৃহীত কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে রংপুর ক্যান্টনমেন্ট বোর্ড এবং এর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের জন্য সর্বসম্মতিক্রমে নিম্নরূপ কর্মসূচি গ্রহণ করা হয়।

| ক্রম | সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর কর্তৃক সিদ্ধান্ত/কর্মসূচি | রংপুর ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক গৃহীত কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১.১ | ১৫ ই আগস্ট ২০২৩ মঙ্গলবার সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর এবং এ অধিদপ্তরের আওতাধীন এমইও অফিস ও ক্যান্টনমেন্ট বোর্ড এবং বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ভবনে জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। | ১৫ ই আগস্ট ২০২৩ মঙ্গলবার এ দপ্তর এবং দপ্তর পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ভবনে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে। | ক্যান্টনমেন্ট বোর্ড ও সকল শিক্ষা প্রতিষ্ঠান (রংপুর সেনানিবাস ও শহীদ মাহবুব সেনানিবাস)। |
| ১.২ | এ অধিদপ্তরে জাতীয় শোক দিবসের সাথে সামঞ্জস্য রেখে সকাল ১০.০০ টায় আলোচনা সভা অনুষ্ঠিত হবে। এ অধিদপ্তরের আওতাধীন এমইও অফিস ও ক্যান্টনমেন্ট বোর্ড এবং বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অনুরূপ আলোচনা সভার আয়োজন করবে এবং সম্ভব হলে স্ব-স্ব অফিস প্রাঙ্গনে বঙ্গবন্ধুর প্রতিকৃতি স্থাপনপূর্বক পুষ্পস্তবক অর্পণ করবে। | সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের কর্মসূচিবর সাথে সামঞ্জস্য রেখে সকাল ১০.০০ টায় আলোচনা সভার আয়োজন করা হবে। এ দপ্তর পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অনুরূপ আলোচনা সভার আয়োজন করা হবে এবং এ অফিস প্রাঙ্গনে বঙ্গবন্ধুর প্রতিকৃতি স্থাপনপূর্বক পুষ্পস্তবক অর্পণ করা হবে। | সকল শিক্ষা প্রতিষ্ঠান ( রংপুর সেনানিবাস ও শহীদ মাহবুব সেনানিবাস)। |
| ১.৩ | সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর কর্তৃক ১৫ই আগস্ট ২০২৩ বাদ যোহর ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত আল্লাহু মসজিদে বিশেষ মোনাজাতের আয়োজন করা হবে। এ অধিদপ্তরের আওতাধীন ক্যান্টনমেন্ট বোর্ডসমূহ স্ব-স্ব ব্যবস্থাপনায় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | রংপুর ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদ ও স্বাধীনতা মসজিদে বিশেষ মোনাজাতের ব্যবস্থা গ্রহণ করা হবে। | ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদ ও স্বাধীনতা জামে মসজিদের ইমামগণ |
| ১.৪ | সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে এবং ক্যান্টনমেন্টের গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপন ও এলইডি বোর্ডের মাধ্যমে বঙ্গবন্ধুর উপর নির্মিত প্রামাণ্য চলচিত্র প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | রংপুর ক্যান্টনমেন্টের গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের ব্যানার স্থাপন করা হবে ও বঙ্গবন্ধুর উপর নির্মিত প্রামাণ্য চলচিত্র প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | ক্যান্টনমেন্ট বোর্ড ও সকল শিক্ষা প্রতিষ্ঠান ( রংপুর সেনানিবাস ও শহীদ মাহবুব সেনানিবাস)। |
| ১.৫ | সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বঙ্গবন্ধুর জীবনভিত্তিক বক্তৃতার আয়োজন করতে হবে। | এ দপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বঙ্গবন্ধুর জীবনভিত্তিক বক্তৃতার আয়োজন করা হবে। | সকল শিক্ষা প্রতিষ্ঠান ( রংপুর সেনানিবাস ও শহীদ মাহবুব সেনানিবাস)। |

চলমান পাতা-২

| ক্রম | সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর কর্তৃক সিদ্ধান্ত/কর্মসূচি | রংপুর ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক গৃহীত কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১.৬ | জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন করা হবে। | জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে এ দপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন করা হবে। | সকল শিক্ষা প্রতিষ্ঠান (রংপুর সেনানিবাস ও শহীদ মাহবুব সেনানিবাস)। |
| ১.৭ | এ অধিদপ্তরের আওতাধীন সকল এমইও অফিস ও ক্যান্টনমেন্ট বোর্ড এবং বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের এতদসংক্রান্ত গৃহীত সিদ্ধান্তের অনুরূপ কর্মসূচি বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক্যান্টনমেন্ট বোর্ড এবং বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের এতদসংক্রান্ত গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করা হবে। | ক্যান্টনমেন্ট বোর্ড ও সকল শিক্ষা প্রতিষ্ঠান (রংপুর সেনানিবাস ও শহীদ মাহবুব সেনানিবাস)। |

২.০ এ দপ্তর ও এ দপ্তরের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীগণ ০১ আগস্ট ২০২৩ খ্রি. তারিখ হতে কালো ব্যাজ ধারণ করবে।

৩.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/৭/২৩

(ইসরাত সাদিয়া সুমী)
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
রংপুর সেনানিবাস।
ফোন ঃ ০৫২১-৬২৩০৪
ই-মেইল ঃ ceo_rangpur@yahoo.com